২

দৈনিক বাংলা

তারিখ 06 JUL 1995
পৃষ্ঠা ২ কলাম ৫

# এইচএসসি পরীক্ষা আজ শুরু ঃ চার বোর্ডে ৪ লক্ষ ৯৮ হাজার পরীক্ষার্থী

**স্টাফ রিপোর্টার ঃ** আজ বৃহস্পতিবার থেকে দেশের ৪টি শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা শুরু হচ্ছে। সারাদেশের মোট ৪ লক্ষ ৯৮ হাজার ৭৬ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশ নেবে।

প্রায় একমাসব্যাপী এই পরীক্ষা বিদেশের ৫টি কেন্দ্রসহ মোট ৮১১টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

মোট পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা বোর্ডের ১ লক্ষ ৭০ হাজার ২১৭ জন, রাজশাহী বোর্ডের ১ লক্ষ ১৫ হাজার ২শ ৪ জন, কুমিল্লা বোর্ডে ১ লক্ষ ১৫ হাজার ৩৯৯ জন এবং যশোর বোর্ডের ৯৭ হাজার ৯৫৮ জন। এদের মধ্যে ঢাকা বোর্ডের ১ লক্ষ ৯ হাজার ৮৫৮ জন পুরুষ এবং ৬০ হাজার ৩৫৯ জন মহিলা, কুমিল্লা বোর্ডে ৭৫ হাজার ৮শ পুরুষ, ৩৯ হাজার ৫৯৯ জন মহিলা এবং যশোর বোর্ডে ৬৬ হাজার ৪৭০ জন পুরুষ ও ৩১ হাজার ৪৮৮ জন মহিলা পরীক্ষার্থী রয়েছে। রাজশাহী বোর্ডের পরিসংখ্যানের কাজ এখন পর্যন্ত সম্পন্ন না হওয়ায় এ বোর্ডের পুরুষ–মহিলার সংখ্যা ভিন্নভিন্ন ভাবে পাওয়া যায়নি।

বিদেশের ৫টি কেন্দ্রসহ ঢাকা বোর্ডের ২৪১ টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিদেশের কেন্দ্রগুলির মধ্যে রয়েছে ত্রিপলি, রিয়াদ, কাতার, দোহা এবং বাহরাইন।

সকাল ১০টা থেকে পরীক্ষা শুরু হবে। আজ বাংলা প্রথম পত্রের পরীক্ষা হবে।

এদিকে ঢাকা মহানগরীর ৩২টি কেন্দ্রে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠান নিশ্চিত করার লক্ষ্যে পরীক্ষা কেন্দ্রের দু'শ গজের মধ্যে একত্রে ৪ জনের উর্ধ্বে জমায়েত এবং চলাফেরা সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

ঢাকা মহানগরী পুলিশ কমিশনার বুধবার এক আদেশ বলে এই নিষেধাজ্ঞা জারী করেন। এই নিষেধাজ্ঞা আজ বৃহস্পতিবার থেকে আগামী ৬ আগস্ট পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠানের দিনগুলিতে বলবৎ থাকবে।

ঢাকা বোর্ডে মানবিক বিভাগে ১ লক্ষ ৬ হাজার ৪৯৪ জন, বিজ্ঞান বিভাগে ৩১ হাজার ১১৪ জন, বাণিজ্য বিভাগে ৩১ হাজার ৯৮৮ জন, কৃষি বিজ্ঞান বিভাগে ১৯ জন, গার্হস্থ্য অর্থনীতি বিভাগে ৫৫৭ জন, সংগীত বিভাগে ২৬ জন এবং ইসলামী এডুকেশন বিভাগে ১ জন পরীক্ষার্থী রয়েছেন।

কুমিল্লা বোর্ডে মানবিক বিভাগে ৭৪ হাজার ৫১১ জন, বিজ্ঞান বিভাগে ১৯ হাজার ৭৯৭ জন, বাণিজ্য বিভাগে ২১ হাজার ২১ জন এবং কৃষি বিজ্ঞান বিভাগে ৭০ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছেন।

যশোর বোর্ডে মানবিক বিভাগে ৭৫ হাজার ৮৬৫ জন, বিজ্ঞান বিভাগে ১০ হাজার ৩০৩ জন, বাণিজ্য বিভাগে ১১ হাজার ৮৫৬ জন এবং গার্হস্থ্য অর্থনীতি বিভাগে ১৮ জন পরীক্ষার্থী রয়েছে।

স্টাফ রিপোর্টার যশোর থেকে জানান, অনিয়ম ও বেআইনী রেজিস্ট্রেশনের জন্য শিক্ষা বোর্ড প্রায় ১০ হাজার পরীক্ষার্থীকে চিহ্নিত করে। ৩ হাজার পরীক্ষার্থীর পরীক্ষার আবেদন বাতিলেরও সিদ্ধান্ত হয়। পরে মানবিক কারণে তাদেরকে পরীক্ষার সুযোগ দেয়ার সিদ্ধান্ত হয়েছে। গুরুতর অনিয়মের কারণে ৫শ' জন পরীক্ষা দেয়ার সুযোগ পাচ্ছে না।

এইচএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য বিসিএস সাধারণ শিক্ষা সমিতির নেতৃবৃন্দ শিক্ষকদের প্রতি আহবান জানিয়েছে। সমিতির সভাপতি ডঃ কিউ এ টি এম হাবিবুর রহমান এবং মহাসচিব মোঃ আবু ইউসুফ এক যৌথ বিবৃতিতে বলেন, সুষ্ঠু ও ফেয়ার পরীক্ষা গ্রহণ শিক্ষার পবিত্রতা রক্ষা ও মান উন্নয়নের পূর্বশর্ত। পরীক্ষার সাথে সংশ্লিষ্ট শিক্ষকগণ এই কথাটি মনে রেখে সততা, নিষ্ঠা ও সাহসিকতার সাথে দায়িত্ব পালন করবেন বলে তারা আশা প্রকাশ করেন।

নেতৃবৃনদ বলেন, পরীক্ষায় নকল রোধ করতে গিয়ে অনেক শিক্ষক সন্ত্রাস ও হামলার শিকার হয়েছেন পরীক্ষার্থীর ছুরিকাঘাতে নিহতও হয়েছেন, সরকার কোন ক্ষতিপূরণ দেননি। এবার এ রকম কোন দুঃখজনক ঘটনা যাতে না ঘটে, সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকতে হবে।